মুজিবনগর প্রেসক্লাবের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগর প্রেসক্লাবের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় ক্লাব সভাকক্ষে প্রেসক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত এ সভায় সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলোচনা ও প্রেসক্লাব কেন্দ্রিক গুরত্বপূর্ণ সিদ্ধান্ত সদস্যদের সাথে আলোচনার মধ্য দিয়ে গ্রহণ করা হয়।

মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স এর সভাপতিত্বে মাসিক সাধারণ সভায় প্রেন্সক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান এর উপস্থাপনায় সভায় উপস্হিত ছিলেন, ক্লাবের সহসভাপতি খাইরুল বাসার, সাংগঠনিক সম্পাদক সানোয়ার হোসেন, কোষাধ্যক্ষ শেখ শফিউদ্দিন, দপ্তর সম্পাদক শাকিল রেজা, সদস্য রেজাউল করিম ও জাহিদ হাসান।

দর্শনায় বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা

দর্শনায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার উদ্যোগে অঙ্গ সংগঠন বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে দর্শনা রেলওয়ে স্টেশন সংলগ্ন ইয়ার্ডে সংগঠনের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মোঃ আমিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেনম, বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সভাপতি ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ আখতারুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার প্রধান উপদেষ্টা মোঃ রুহুল আমিন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শ্রমিক

কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার সভাপতি মোঃ কাইয়ুম উদ্দিন হিরক, জামায়াতের জীবননগর থানা আমীর মাওলানা মোঃ সাজেদুর রহমান, জামায়াতের জীবননগর থানা সেক্রেটারী মোঃ মাহফুজুর রহমান, থানা সভাপতি শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মোঃ বিল্লাল হোসেন, সেক্রেটারী মোহাম্মদ আজিজুর রহমান থানা, মোহাম্মদ আমজাদ হোসেন সভাপতি দর্শনা পৌর শাখা, দর্শনা পৌর আমীর সাহিকুল ইসলাম অপু ও পৌর সেক্রেটারি মোঃ শাহরিয়ার হোসেন দবির প্রমুখ।

প্রধান অতিথি জনাব মোঃ আখতারুজ্জামান তার বক্তব্যে বিগত সরকারের আমলে রেলওয়েতে ব্যাপক দূর্নীতি ও লুটপাটের ইতিহাস তুলে ধরে আগামীতে রেলওয়েকে লাভজনক প্রতিষ্ঠান ও শ্রমিকদের স্বার্থ রক্ষায় সকলকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান।

জামায়াতের জেলা আমীর ও সংগঠনের উপদেষ্টা মোঃ রুহুল আমিন বলেন-ইসলাম শ্রমিকের সবচেয়ে বেশী মর্যাদা দিয়েছে। আমাদের রাসুল (সা.) শ্রমিকের গায়ের ঘাম শুকাবার আগেই তার ন্যায্য প্রাপ্য বুঝিয়ে দিতে বলেছেন। আগামী দিনে ইসলামকে রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে পারলে সমাজের সকল বৈষম্যের অবসান হবে। এজন্য সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ ৯ম বার্ষিক সাধারণ সভা

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ ” এই স্লোগান কে সামনে রেখে মুজিবনগরে সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি লি: ৯ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্টর অফিস এবং সু-প্রতিবেশী মহিলা সমবায় অফিস প্রাঙ্গনে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে সু প্রতিবেশী মহিলা সমবায় সমিতি এর সভাপতি রেহেনা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য শাবানা খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক, জেলা উপসহকারী নিবন্ধকক এনামুল হক, উপজেলা সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সমবায় সমিতির কো- অপারেটিভ অফিসার রিয়াজউদ্দিন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ফেসিলেটর মেহেদী হাসান, সমবায় সমিতির সম্পাদক আঞ্জুয়ারা খাতুন।

বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সমবায় সমিতির ১৫৭৩ জন সদস্য মধ্য এবং চলতি অর্থবছরের ১৪৫৮ জন সদস্যদের মাঝে বার্ষিকী হিসাব-নিকাশ লাভ লোকসান তুলে ধরেন সমিতির কোষাধ্যক্ষ নাসিমা খাতুন।

কোটচাঁদপুরে কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির বাৎসরিক সাধারণ সভা

বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার বাৎসরিক সাধারণ সভা অনুষ্টিত হয়েছে। বুধবার স্থানীয় বলুহর হ্যাচারি কমপ্লেক্সে এ সভা করা হয়।

সভাপতিত্ব বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সভাপতি সোহরাব হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ওষুধ প্রশাসনের সহকারী পরিচালক নোহান হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ জিয়াউল হক, বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার, সংগঠনের ঝিনাইদহের সভাপতি রফিকুল ইসলাম

সোম,সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু।

এ ছাড়া উপস্থিত ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সিনিয়র সহসভাপতি মালিক তবিবুর রহমান,সংগঠনের উপদেষ্টা ও হাসান ফার্মেসির মালিক কাজী হাসানুজ্জামান, জুনিয়র সাংগঠনিক সম্পাদক ইউসুফ আলী মিলন,সিনিয়র সদস্য হুমায়ূন কবির, বোরহান কবির (ইমন)। সভায় প্রধান অতিথি এন্টিবায়োটিক খাওয়া ও বিক্রির উপর গুরুত্ব দিয়ে বলেন, এন্টিবায়োটিক যদি কোন রোগী ডোজ সম্পূর্ণ না করেন,সে ক্ষেত্রে শুধু ও রোগীর শরীরে না,আপনার শরীরেও তা রেজিষ্ট্রেন হয়ে যাবে। তখন সামান্য রোগেও আমরা মারা যেতে পারি।

তিনি বলেন, এ কারনে ঔষুধ বিক্রির সময় এটা আপনাদের খেয়াল রাখতে হবে। এছাড়া নকল ও ভেজাল ঔষুধ বিক্রির ব্যাপারে তিনি গুরুত্ব আরোপ করেন।

সভায় এ উপজেলার ৪ শতাধিক ওষুধের ফার্মসিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সহসভাপতি হাসানুজ্জামান(ডাবলু)।